

الْوَّاحِدِ

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু

বিসমিল্লাহির রহমানির রহিম

আল্লাহর সুন্দরতম ৯৯ নাম 'আসমাউল হুসনার' ৬৭ তম নাম 'الْوَّاحِدِ' আজকের আলোচনার বিষয়। আরবি ভাষায় 'الْوَّاحِدِ' শব্দের মূল و - ح - د, এই মূল শব্দ থেকে গঠিত শব্দসমূহ পবিত্র কোরআন মাজিদে ৬৮ বার এসেছে। এক, অদ্বিতীয়, একত্র, একমাত্র, একক ইত্যাদি ব্যবহৃত হয়েছে। আল্লাহ الْوَّاحِدِ অর্থ: 'তিনি এক অদ্বিতীয়'।

মহান আল্লাহ পবিত্র কুরআনে ইরশাদ করেন:

وَاللَّهُمَّ إِلَهٌ وَاحِدٌ لَّا إِلَهَ إِلَّا هُوَ الرَّحْمَنُ الرَّحِيمُ ﴿١٦٣﴾

তোমাদের ইলাহ এক ও একক ইলাহ। কোন ইলাহ নেই তিনি ছাড়া। তিনি মহা দয়াবান পরম করুণাময়। (সূরা বাকারা: আয়াত নং ১৬৩)

قُلْ إِنَّمَا أَنَا مُنذِرٌ وَمَا مِنِ إِلَهٍ إِلَّا اللَّهُ الْوَاحِدُ الْقَهَّارُ ﴿٦٥﴾

হে নবী! বল, আমি তো একজন সতর্ককারী মাত্র। প্রবল প্রতাপশালী এক অদ্বিতীয় আল্লাহ ছাড়া কোন ইলাহ নেই। (সূরা সোয়াদ: আয়াত নং ৬৫)

لَقَدْ كَفَرَ الَّذِينَ قَالُوا إِنَّ اللَّهَ ثَلَاثُ ثَلَاثَةٍ وَمَا مِنِ إِلَهٍ إِلَّا إِلَهٌ وَاحِدٌ وَإِن لَّمْ يَنْتَهُوا عَمَّا يَقُولُونَ لَيَمَسَّنَّ الَّذِينَ كَفَرُوا مِنْهُمْ عَذَابٌ أَلِيمٌ ﴿٧٣﴾

ওরাও কুফুরি করেছে যারা বলে: আল্লাহ হলেন তিন জনের একজন। অথচ এক ইলাহা (আল্লাহ) ছাড়া আর কোন ইলাহ নেই। তারা যা বলে তা থেকে যদি বিরত না হয়, তাহলে তাদের মধ্যে যারা কুফুরি করবে, অবশ্যই তাদের স্পর্শ করবে যন্ত্রণাদায়ক আযাব। (সূরা আল মায়েরা: আয়াত নং ৭৩)

আহমদ শরীফের হাদীস:

اللَّهُمَّ إِنِّي أَعُوذُ بِكَ أَنْ أَشْرِكَ بِكَ وَأَنَا أَعْلَمُ، وَأَسْتَغْفِرُكَ لِمَا لَا أَعْلَمُ -

হে আল্লাহ আমি তোমার কাছে আশ্রয় চাই ঐ সমস্ত শিরক থেকে যেগুলো আমি জানি এবং তোমার কাছে ক্ষমা প্রার্থনা করি ওই সমস্ত শিরক থেকে যেগুলো আমি জানি না।

প্রিয় ভাই ও বোনেরা, শয়তানের মূর্তি বানিয়ে পূজা সাধারণত আজকাল করা হয় না। কিন্তু নিজেদের কুপ্রবৃত্তি, খারাপ আশা-আকাঙ্ক্ষা, বদ-চিন্তাভাবনার কাছে নিজেকে সোপর্দ করার অর্থই হলো নিজের লাগামটা শয়তানের হাতে তুলে দেয়া- শয়তান যে দিকে চালায় সে দিকে চলা। এগুলোই হোল বর্তমান কালের শিরক। এগুলোর থেকে তওবা করে ফিরে না আসলে, আল্লাহ ক্ষমা করবেন না। আল্লাহ আমাদের শিরক মুক্ত জীবন যাপন করার তৌফিক দান করুন।

আমিন।

আসসালামুআলাইকুম ওয়ারাহমাতুল্লাহি ওয়াবারাকাতুহ।